

২৬ ফ্রান্স

তিস্তাচরের একমাত্র বেসরকারি প্রাথমিক স্কুলটি এখন নদীগর্ভে আশ্রয় কেন্দ্রে চলছে ক্লাস

॥ গঙ্গচড়া (রংপুর) থেকে
সংবাদদাতা ॥

তিস্তা নদীর ভাঙ্গনে সম্পূর্ণরূপে
বিলীন হয়ে গেছে উপজেলার তিস্তা
চরের একমাত্র চিলাখাল চর রেজিঃ
বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টি।
সাময়িকভাবে চিলাখাল আশ্রয়ন
কেন্দ্রের একটি অফিস কক্ষে ক্লাস
চলছে একই সাথে প্রথম থেকে ৫ম
শ্রেণী পর্যন্ত। সে অফিসটিও এখন
ভাঙ্গন ছমকির মুখে। এবছর
শিক্ষাকার্যক্রম ব্যাহত হচ্ছে।

১৯৮৫ সালে চিলাখাল চরে
বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টি
স্থাপন করা হয়। ২০০১ সালে
ছাদ পিটানো ৪ কক্ষ বিশিষ্ট পাকা
স্কুল তৈরী করা হয় সরকারিভাবে।
এরই মাঝে গত ২ বছরের বন্যায়
পাকা স্কুল ভবন সম্পূর্ণরূপে নদী-
গর্ভে বিলীন হয়ে যায়। উপজেলা

প্রশাসন ও কোলকোন্দ ইউপি চেয়ার-
ম্যান মোস্তফা কামালের সহযোগী-
তায় পরবর্তীতে চিলাখাল আশ্রয়ন
কেন্দ্রের একটি অফিস কক্ষে ক্লাস
নেয়ার অনুমতি পায়।

স্কুলের প্রধান শিক্ষক মুক্তি-
যোদ্ধা আইয়ুব আলী বলেন, চরে
প্রথম স্কুল তৈরী করা হয় অনেক
কষ্ট করে। স্কুলটিতে প্রায় ২৭
শিক্ষার্থী অধ্যয়ন করছে। জায়গার
অভাবে স্থলে ছাত্র/ছাত্রীর উপস্থিতি
একটু কমে গেছে। তিনি আরও
জানান, ২০০৫ সালে প্রথম ভাঙ্গে।
২০০৬ সালে কিছু। বাকী অংশ
এবারে ভেঙ্গে যায়।

কোলকোন্দ ইউপি চেয়ারম্যান
মোস্তফা কামাল জানান, অন্য একটি
জায়গায় বিদ্যালয়টি স্থাপনের চিন্তা
ভাবনা চলছে। উপজেলা প্রাথমিক
শিক্ষা অফিসার আজহারী পারভীন
জানান, বিদ্যালয়টি নিদীর্ঘতে যাও-
য়ায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।
বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিত
ভাবে অবহিত করা হয়েছে।